

২০২৪ সালের এসএসসি-এইচএসসি পরীক্ষা কবে জানালেন শিক্ষামন্ত্রী

সংবাদ অনলাইন রিপোর্ট

: বৃহস্পতিবার, ১৭ আগস্ট ২০২৩



আগামী বছর অর্থাৎ ২০২৪ সালের এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হবে। আর এইচএসসি পরীক্ষা হবে এপ্রিল মাসে।

বৃহস্পতিবার (১৭ আগস্ট) সকাল ১০টায় রাজধানীর তেজগাঁও কলেজে এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শনে গিয়ে এ কথা জানান শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

শিক্ষামন্ত্রী বলেন, করোনার মহামারি ও প্রাকৃতিক দুর্ঘাগের কারণে গত দুই-তিন বছর আমাদের একাডেমিক ক্যালেন্ডার একটু এলোমেলো হয়েছে। আশা করি, আগামী বছর থেকে এগুলো ঠিক হয়ে যাবে।

তিনি বলেন, আগামী বছর আমরা চেষ্টা করব এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারিতে এবং এইচএসসি পরীক্ষায় এপ্রিল মাসে নিতে। সে অনুযায়ী

ক্লাসে পাঠদান করানো হবে।

এর আগে, সকাল ১০টায় সারাদেশে আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষা শুরু হয়। পরীক্ষা চলবে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষায় অংশ নিয়েছে ১০ লাখেরও বেশি শিক্ষার্থী। চলতি বছরে ১১টি শিক্ষা বোর্ডে একযোগে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরুর কথা ছিল। তবে বন্যার কারণে চট্টগ্রাম, মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়।